# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১১৬৬

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১১২. মাগরিবের ফরয সালাতের পরের দু’ রাক‘আত (সুন্নাত) সালাতের কিরাআত।

بَاب مَا يَقْرَأُ فِي الرَّكْعَتَيْنِ بَعْدَ الْمَغْرِبِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ الأَزْهَرِ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ وَاقِدٍ، ح وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُؤَمَّلِ بْنِ الصَّبَّاحِ، حَدَّثَنَا بَدَلُ بْنُ الْمُحَبَّرِ، قَالاَ حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ الْوَلِيدِ، حَدَّثَنَا عَاصِمُ بْنُ بَهْدَلَةَ، عَنْ زِرٍّ، وَأَبِي، وَائِل، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ، . أَنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ كَانَ يَقْرَأُ فِي الرَّكْعَتَيْنِ بَعْدَ صَلاَةِ الْمَغْرِبِ (قُلْ يَا أَيُّهَا الْكَافِرُونَ) وَ (قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ ) " .

বাংলা

১/১১৬৬। আবদুল্লাহ ইবনু মাসঊদ (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাগরিবের (ফরয) সালাতের পরের দু রাকআতে সূরাহ কাফিরূন ও সূরাহ ইখলাস পড়তেন।

## English

It was narrated from ‘Abdullah bin Mas’ud that for the two Rak’ah after Maghrib, the Prophet (ﷺ) used to recite:
“Say: O you disbelievers!” [Al-Kafirun (109)] and “Say: He is Allah the One.” [Al- Ikhlas (112)]

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিযী ৪৩১

তাহক্বীক্ব আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: লিগাইরিহি, মিশকাত ৮৫১, সহীহাহ ৩৩২৮। উক্ত হাদিসের রাবী ১. আব্দুর রহমান বিন ওয়াকিদ সম্পর্কে ইবনু হিব্বান সিকাহ বললেও ইবনু আদী বলেন, তিনি হাদিস বর্ণনায়

মুনকার ও সিকাহ রাবী থেকে চুরি করে হাদিস বর্ণনা করেছেন। ২. আবদুল মালিক ইবনুল ওয়ালীদ সম্পর্কে ইমাম বুখারী বলেন, তার ব্যাপারে মন্তব্য রয়েছে। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইমাম নাসাঈ বলেন, তিনি সিকাহ নন। ইবনু আদী বলেন, তার হাদিসের ব্যাপারে অনুসরণ করা যাবে না। আল আযদী বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার। উক্ত হাদিসটি শাহিদ এর ভিত্তিতে সহিহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন ▯ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=14186

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন